

আমাদের মমু

ঈদের আগে পূর্ণাঙ্গ উৎসব ভাতা ও জাতীয়করণের দাবি শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক

২৫ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২৪ ফেব্রুয়ারি ২০২১ ২২:৪৬



ঈদের আগেই বৈষম্য দূর করে পূর্ণাঙ্গ ঈদ বোনাসের (উৎসব ভাতা) দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি ও এমপিওভুক্তি শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ লিয়াজোঁ ফোরাম। একই সঙ্গে অনার্স স্তরের শিক্ষকদের এমপিওভুক্তিসহ শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণেরও দাবি জানানো হয়েছে। গতকাল বুধবার বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি ও এমপিওভুক্তি শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ লিয়াজোঁ ফোরামের মুখ্যপ্রাত্র মো. নজরুল ইসলাম রনি এবং বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় মহাসচিব মো. মেজবাহুল ইসলাম প্রিসের এক ঘোষণা বিবৃতিতে এসব দাবি জানানো হয়। শিক্ষকনেতা মো. নজরুল ইসলাম রনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীরা ৫০ শতাংশ ঈদ বোনাস পান। অর্থাৎ শিক্ষকরা ঈদ বোনাস পান

২৫ শতাংশ। এ ছাড়া সরকারি প্রতিষ্ঠানে শতভাগ ঈদ বোনাস দেওয়া হলেও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে তা দেওয়া হয় না। আমরা দীর্ঘদিন থেকে বিষয়টি সরকারের নজরে আনার চেষ্টা করছি।

বিবৃতিতে আরও জানানো হয়, করোনার এই দুঃসময়ে প্রায় ১১ মাস ধরে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অভিভাবকরা টিউশন ফি দিচ্ছেন না। ফলে বেসরকারি শিক্ষকরা তাদের বেতন ঠিকমতো পাচ্ছেন না প্রতিষ্ঠান থেকে। এতে তাদের অর্থনৈতিক সংকট চরম পর্যায়ে পৌঁছেছে। অভিভাবকরাও এই দুঃসময়ে অর্থনৈতিক সমস্যায় তাদের সন্তানদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করাতে পারছেন না। তাই শিক্ষাব্যবস্থা জাতীয়করণের দাবি এখন জোরালো হচ্ছে। একই সঙ্গে অনার্স-মাস্টার্স শিক্ষকদের এমপিওভুক্তিসহ বদলি প্রথা চালুর দাবি জানান তারা।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার
১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

আমাদের মমু

